

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং -৪৫.১৭৪.০০২.০০.০০.০০০.২০১১-৪৯৭

তারিখ : ২৬.১২.২০১৬ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়স্বীকৃত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে ৪র্থ কিস্তি বাবদ ৪৬২৫.০০ লক্ষ (ছেচল্লিশ কোটি পঁচিশ লক্ষ) টাকা অবমুক্তি সংক্রান্ত।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১.০৮.২০১৬ তারিখের ৪৫.১৭৪.০০২.০১.০০.০০.০০০.২০১১-২৭২ সংখ্যক স্মারকের অনুমোদিত বিভাজন অনুযায়ী কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (কোড নং-৫-২৭১১-৫০৭০) শীর্ষক অপারেশনাল প্ল্যানের অনুকূলে ২০১৬-১৭ অর্থ বছরে এডিপিতে বরাদ্দকৃত অর্থের জিওবি খাত হতে নিম্নরূপে ৪র্থ কিস্তি বাবদ ৪৬২৫.০০ লক্ষ (ছেচল্লিশ কোটি পঁচিশ লক্ষ) টাকা ছাড়করণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলোঃ

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য অধিদপ্তর	“কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” (কোড নং-৫-২৭১১-৫০৭০)	অনুমোদিত	৪র্থ কিস্তির জিওবি অর্থ	৪৬২৫.০০	০.০০	৪৬২৫.০০

শর্তাবলী :

- এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথ ভাবে পালন করতে হবে;
- এই ব্যয় ২০১৬-১৭ অর্থ বছরের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি'র “কমিউনিটি বেইজড হেলথ কেয়ার” (কোড নং-৫-২৭১১-৫০৭০) অপারেশনাল প্ল্যান হতে বহন করা হবে;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে;
- ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে; এবং
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এবং ২৬.১২.২০১৬ তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.২৬.২০১২-১৪৪ নং স্মারকের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর:

(ড. মো: এনামুল হক)

উপ সচিব

ফোনঃ ৯৫৪৯৫৪০


-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

স্মারক নং -৪৫.১৭৪.০০২.০০.০০.০০০.২০১১-৪৯৭/১(৮)

তারিখ : ২৬.১২.২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. যুগ্ম সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৪. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, মহাখালী, ঢাকা।
- ✓ ৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(ড. মো: এনামুল হক)  
উপ সচিব